**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

ঢাকা

www.supremecourt.gov.bd

স্মারক নং- ৬৪ এ, তারিখ : ১৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ০২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয় : বাংলাদেশ সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন ভবন ও তৎসংলগ্ন এলাকায় অগ্নি প্রতিরোধ সুরক্ষা বৃদ্ধির নিমিত্ত "সুপ্রীম কোর্ট অগ্নি সুরক্ষা টাস্কফোর্স" গঠন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি প্রশাসনের প্রাণকেন্দ্র বাংলাদেশ সচিবালয়ে ঘটে যাওয়া ভয়াবহ অগ্নিকান্ডে বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রশাসন গভীরভাবে উদ্বিগ্ন। রাষ্ট্রের প্রধান তিনটি অঙ্গের মধ্যে বিচার বিভাগ অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গ। বাংলাদেশ সুপ্রীম কোর্ট দেশের বিচার অঙ্গনের সর্বোচ্চ স্থান। বিচার বিভাগের অভিভাবক ও সংবিধানের রক্ষক হিসেবে সুপ্রীম কোর্ট নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সুপ্রীম কোর্টের আর্কাইভ ও নজির শাখায় বাংলাদেশের শত বছরের পুরাতন দলিল ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ নথি সংরক্ষিত রয়েছে। এছাড়া, বিচারপ্রার্থী জনগণের দেওয়ানী ও ফৌজদারী মামলার অসংখ্য গুরুত্বপূর্ণ নথি সুপ্রীম কোর্টে সংরক্ষিত রয়েছে, যা বিনষ্ট হলে রাষ্ট্রের অপূরণীয় ক্ষতি হবে। আইনের শাসন ও ন্যায় বিচার প্রতিষ্ঠা এবং দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে জনগুরুত্বপূর্ণ নথিসমূহ আদালতে চিরস্থায়ী সংরক্ষণ রাখার আইনি বাধ্যবাধকতা রয়েছে।

২। উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংবিধানের ১১২ অনুচ্ছেদে উল্লেখ রয়েছে যে-

"প্রজাতন্ত্রের রাষ্ট্রীয় সীমানার অন্তর্ভুক্ত সকল নির্বাহী ও বিচার বিভাগীয় কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহায়তা করিবেন।"

৩। বর্ণিত প্রেক্ষাপটে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সদয় নির্দেশনা মোতাবেক বাংলাদেশ সুপ্রীম কোর্ট কম্পাউন্ড, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন ভবন ও তৎসংলগ্ন এলাকায় অগ্নি প্রতিরোধ সুরক্ষা বৃদ্ধির নিমিত্ত নিম্নোক্তভাবে **"সুপ্রীম কোর্ট অগ্নি সুরক্ষা টাস্কফোর্স"** গঠন করা হয়েছে :

১. রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট -সভাপতি;
২. ডেপুটি রেজিস্ট্রার (সার্বিক ও আদি অধিক্ষেত্র), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট - সদস্য;
৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত শাখা অফিস, হাইকোর্ট এলাকা - সদস্য;
৪. উপ পুলিশ কমিশনার, সুপ্রীম কোর্ট এন্ড স্পেশাল কোর্ট সিকিউরিটি ডিভিশন - সদস্য;
৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-এর মহাপরিচালক কর্তৃক মনোনীত উপপরিচালক ও সহকারী পরিচালক পদে কর্মরত দুই জন কর্মকর্তা - সদস্য;
৬. স্পেশাল ব্রাঞ্চ-এর প্রতিনিধি, (স্পেশাল ব্রাঞ্চ-এর প্রধান কর্তৃক মনোনীত অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার নিচে নয়) - সদস্য;
৭. গোয়েন্দা শাখা (ডিবি)-এর প্রতিনিধি, (গোয়েন্দা শাখা (ডিবি)-এর প্রধান, ঢাকা মেট্রোপলিটন পুলিশ কর্তৃক মনোনীত অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার নিচে নয়) - সদস্য;
৮. র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব)-এর প্রতিনিধি, (র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব)-এর প্রধান কর্তৃক মনোনীত সিনিয়র সহকারী পরিচালক পদমর্যাদার নিচে নয়) - সদস্য;
৯. সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট- সদস্য সচিব;

এছাড়া, উপরিউক্ত **"সুপ্রীম কোর্ট অগ্নি সুরক্ষা টাস্কফোর্স"** নিম্নোক্ত কার্যাবলী সম্পাদন করবেন:

(i) সুপ্রীম কোর্ট ভবন ও প্রাঙ্গণের অগ্নি নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা করা;
(ii) সম্ভাব্য ঝুকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিত করা ও ঝুকি কমানোর উপায় সম্পর্কে সুপারিশ প্রদান করা;
(iii) জরুরী পরিস্থিতি মোকাবেলার সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
(iv) অগ্নি প্রতিরোধক ব্যবস্থা স্থাপন করা;

(v) সুপ্রীম কোর্ট ভবন ও প্রাঙ্গণের অগ্নি প্রতিরোধ বিষয়ক পরিকল্পনা ও নীতিমালা প্রণয়ন করা;

(vi) অগ্নি নির্বাপণকল্পে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা;

(vii) সুপ্রীম কোর্ট ভবন ও প্রাঙ্গণ সরেজমিনে পরিদর্শন ও মনিটরিং করা;

(viii) মাসিক, ত্রৈমাসিক ও বাৎসরিক পরিদর্শন ও মনিটরিং এর প্রতিবেদন সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল বরাবর দাখিল করা;

(ix) এছাড়া, অগ্নি প্রতিরোধ সংক্রান্তে প্রয়োজনীয় অন্যান্য আনুসাঙ্গিক কার্যাবলি সম্পাদন করা।

৪। এমতাবস্থায়, **"সুপ্রীম কোর্ট অগ্নি সুরক্ষা ট্রাস্কফোর্স"**-এ প্রতিনিধি মনোনয়ন প্রদানপূর্বক অত্র কোর্টকে অবহিত করার নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**স্বাক্ষরিত**
(ড. আজিজ আহমেদ ভূঞা)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫
ইমেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-৬৪ (১-১৭) এ, তারিখ : ১৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ০২ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. আইজিপি, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৪. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা ("সুপ্রীম কোর্ট অগ্নি সুরক্ষা ট্রাস্কফোর্স"-এ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-এ উপপরিচালক ও সহকারী পরিচালক পদে কর্মরত দুই জন কর্মকর্তার মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব), ঢাকা ("সুপ্রীম কোর্ট অগ্নি সুরক্ষা ট্রাস্কফোর্স"-এ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব)-এ সিনিয়র সহকারী পরিচালক পদে কর্মরত এক জন কর্মকর্তার মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
৮. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৯. স্পেশাল ব্রাঞ্চের প্রধান, স্পেশাল ব্রাঞ্চ, ঢাকা ("সুপ্রীম কোর্ট অগ্নি সুরক্ষা ট্রাস্কফোর্স"-এ স্পেশাল ব্রাঞ্চ-এ অতিরিক্ত পুলিশ সুপার পদে কর্মরত এক জন কর্মকর্তার মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
১০. ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) প্রধান, ঢাকা ("সুপ্রীম কোর্ট অগ্নি সুরক্ষা ট্রাস্কফোর্স"-এ ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি)-এ অতিরিক্ত পুলিশ সুপার পদে কর্মরত এক জন কর্মকর্তার মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
১১. উপ পুলিশ কমিশনার, সুপ্রীম কোর্ট এন্ড স্পেশাল কোর্ট সিকিউরিটি ডিভিশন, ঢাকা।
১২. মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব/সচিব, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলদেশ সুপ্রীম কোর্ট।
১৩. ডেপুটি রেজিস্ট্রার (সার্বিক ও আদি অধিক্ষেত্র), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১৪. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত শাখা অফিস, হাইকোর্ট এলাকা, ঢাকা।
১৫. সহকারী রেজিস্ট্রার (কোর্ট কীপিং), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা ("সুপ্রীম কোর্ট অগ্নি সুরক্ষা ট্রাস্কফোর্স"-এর প্রয়োজনীয় আনুসঙ্গিক কার্যাবলী সম্পাদনের অনুরোধসহ)।
১৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. অফিস কপি।

02.02.2025
(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন: +৮৮০২২২৩৩৮১৮৬৫